

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১৪৫২  
করবুক, ০৩ অক্টোবর, ২০২৪

**করবুকে গান্ধী জন্মজয়ন্তী**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহযোগিতায় গতকাল করবুক মহকুমা ভিত্তিক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী পালন করা হয়। করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়াম হলে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক মহকুমা স্বাস্থ্য অধিকারিক ডা. ধনমনি ত্রিপুরা, বিদ্যালয় পরিদর্শক দামোদর ত্রিপুরা প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ মহাত্মা গান্ধীর দেশের স্বাধীনতা সংগ্রামে তাঁর অবদান এবং তাঁর নীতি আদর্শের উপর আলোকপাত করে আলোচনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল কার্তিক দেববর্মা। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করে করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। এছাড়া অনুষ্ঠানে মহকুমার শিল্পীরা দেশাত্মবোধক সংগীত ও নৃত্য প্রদর্শন করেন। অনুষ্ঠান শেষে গান্ধীর জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কারও তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*